নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসমূহের সংক্ষিপ্ত গাইড

সেপ্টেম্বর ২০১৬

স্বাগতম

স্কুলে প্রত্যাবর্তন

প্রাথমিক বিষয়সমূহ

নতুন স্কুল বছর শুরু করা একটি উদ্দীপনাপূর্ণ সময়। এই সময়ে আপনার সবচেয়ে সাধারণ প্রশ্নগুলোর উত্তর লাভের সহায়তা নিচে একটি গাইড দেয়া হলো।

কোথা থেকে শুরু করতে হবে:

1. আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন। আপনার স্কুলে ফোন অথবা সেটি পরিদর্শন করুন অথবা আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটরের যোগাযোগের তথ্য পেতে স্কুলের ওয়েবসাইটে যান।

2. অ্যাচিভ এনওয়াইসি-র একটি কপি তুলে নিন, যা আপনার জন্য ২০১৬-২০১৭ এনওয়াইসি পাবলিক স্কুলসমূহের একটি গাইড। আপনার পছন্দের ভাষায় একটি কপির জন্য আপনার স্কুলে কথা বলুন।

3. ডিওই ওয়েবসাইটে(schools.nyc.gov) যান অথবা মূল পরিষেবা সম্পর্কিত তথ্যের জন্য নিচে দেখুন।

ভর্তি

আপনার জোনভুক্ত স্কুলে আপনি এলিমেন্টারি এবং মিডল্ স্কুল গ্রেডে রেজিস্টার করতে পারেন। আপনার জোনভুক্ত স্কুল খুঁজে নিতে schools.nyc.gov ঠিকানায় স্কুল সার্চ উপকরণটি ব্যবহার অথবা 311নম্বরে ফোন করুন।

এখন থেকে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত, হাই স্কুল শিক্ষার্থী যাদের রেজিস্টার করতে হবে তারা অবশ্যই ব্যাক টু স্কুল রেজিস্ট্রেশন সেন্টারে যাবে। ১৮ সেপ্টেম্বরের পরে, তারা ফ্যামিলি ওয়েলকাম সেন্টার রেজিস্টার করতে পারে।

গ্রেড অথবা কর্মসূচি অনুযায়ী পূর্ণ তথ্যের জন্য এবং আবশ্যিক ডক্যুমেন্ট সম্পর্কে জানতে, schools.nyc.gov/ChoicesEnrollment ঠিকানায় চয়েসেস অ্যান্ড এনরোলমেন্ট পৃষ্ঠা দেখুন অথবা **718-935-3500** নম্বরে ফোন করুন।

স্কুল খাবার

স্কুলে সকল শিক্ষার্থী সুস্বাদু এবং পুষ্টিকর ব্রেকফাস্ট এবং লাঞ্চ পেতে পারে। সকল শিক্ষার্থীর জন্য ব্রেকফাস্ট ফ্রি, এবং প্রায় ৮০% ডিওই শিক্ষার্থী ফ্রি লাঞ্চ পাবার যোগ্য।

ফ্রি লাঞ্চের জন্য পরিবারবর্গকে অবশ্যই কাগজে অথবা অনলাইনে একটি স্কুল মিলস আবেদনপত্র পূরণ করতে হয়। আপনার স্কুল থেকে একটি কাগজে মুদ্রিত আবেদনপত্র চেয়ে নিন অথবা nyc.applyforlunch.com সাইটে অনলাইনে আবেদনপত্র পূরণ করুন।

প্রতিদিন লাঞ্চের জন্য কী পাওয়া যাবে তা জানতে schoolfoodnyc.org সাইট দেখুন।

পরিবহন

সিটির শিক্ষার্থীরা ইয়েলো বাস সার্ভিস (যেখানে রয়েছে) অথবা আধা-ভাড়া/পূর্ণ-ভাড়া মেট্রো কার্ড পাওয়ার জন্য যোগ্য। যোগ্যতা শিক্ষার্থীর গ্রেড স্তর এবং বাড়ি ও স্কুলের মধ্যে দূরত্বের উপর নির্ভর করে।

বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থীরা ইয়েলো বাস পরিষেবা পেতে পারে যদি তাদের ব্যক্তিক শিক্ষা কর্মসূচিতে (আইইপি)-তে বাস পরিবহন পরিষেবা বাধ্যতামূলক হয়।

আরও তথ্যের জন্য, আপনার স্কুলের পরিবহন কোঅর্ডিনেটরকে, **718-392-8855,** নম্বরে ফোন অথবা schools.nyc.gov/Offices/Transportation সাইটে যান।

NYC Department of Education
Chancellor Carmen Fariña

schools.nyc.gov/BacktoSchool

ব্যাক টু স্কুল
প্রাথমিক বিষয়সমূহ

schools.nyc.gov
/nycschools or /nycschools

আপনার সন্তানের স্কুল সম্পর্কে আপনার যদি কোন উদ্বেগ থাকে:

শুরু করুন → শিক্ষক → প্যারেন্ট কোঅর্ডিনেটর → প্রিন্সিপ্যাল অথবা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল → ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর: → সুপারিনটেনডেন্ট

স্পেশাল এডুকেশন

অধিকাংশ ক্ষেত্রে, আইইপিযুক্ত শিক্ষার্থীগণ একই স্কুলে পড়তে পারে যেখানে তারা আইইপি না থাকলেও পড়তে পারতো। আইইপিযুক্ত শিক্ষার্থীদেরকে প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের সাথে শিক্ষাদান এবং একই লেসন প্রদান করা হয়। বিশেষ শিক্ষা সম্পর্কিত আরও তথ্যের জন্য, আপনার সন্তানের প্রিন্সিপ্যাল অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটর সাথে কথা বলুন অথবা schools.nyc.gov/Academics/SpecialEducation সাইট দেখুন

অনুবাদ এবং দোভাষ ইউনিটের পরিষেবা

আমরা আপনার ভাষায় কথা বলি! স্কুলসমূহ পরিবারবর্গকে ফ্রি-তে দোভাষ এবং অনুবাদ পরিষেবা প্রদান করতে পারে। আপনার ভাষা সহায়তা দরকার হলে আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটর, ল্যাঙ্গুয়েজ অ্যাকসেস কোঅর্ডিনেটর অথবা প্রিন্সিপ্যালকে বলুন। ভাষা পারিষেবা সম্পর্কিত প্রশ্ন অথবা মতামত ব্যক্ত করতে, **718-935-2013** নম্বরে ফোন অথবা schools.nyc.gov/Offices/Translation সাইট দেখুন। আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ অথবা **212-802-1500**, এক্সটেনশন 7181 নম্বরে ফোন করুন।

ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার

ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স পরিবারগুলো তিনটি কর্মসূচির যেকোন একটি বেছে নিতে পারে: দ্বৈত ভাষা, উত্তরণমূলক দ্বিভাষী শিক্ষা, এবং দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজি (ইএসএল)। আরও তথ্যের জন্য, schools.nyc.gov/Academics/ELL/FamilyResources দেখুন, **212-323-9559**, ফোন অথবা ELLFamilies@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

স্বাস্থ্য পরিষেবা

স্কুলগুলি স্বাস্থ্য-সংক্রান্ত বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থীদেরকে যত্ন, পরিষেবা, এবং বিশেষ সুবিধা প্রদান করতে পারে, এর অন্তর্ভুক্ত স্কুলে ওষুধ নেয়ার ব্যবস্থা। আপনার সন্তানের যদি বিশেষ পরিষেবা আবশ্যিকতা থাকে, আপনাকে স্কুলে অথবা schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms সাইটে একটি স্বাস্থ্য সংক্রান্ত ফরম পূরণ করতে হবে।

স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য কর্মসূচিসমূহ অ্যাকাডেমিক সাফল্যের বাধা অতিক্রমে এনওয়াইসি স্কুলগুলোকে সকল পাঁচটি বরোতে পরিষেবা প্রদান করে। সকল পরিষেবা প্রাইভেট এবং গোপনীয়। আরও জানতে, schools.nyc.gov/Offices/Health/SBHC/MentalHealth সাইট দেখুন।

আপনার সন্তানের অগ্রগতির খোঁজ রাখা

MyStudent.nyc-তে একটি এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টের জন্য রেজিস্টার করে আপনার সন্তানের অ্যাকাডেমিক অগ্রগতি সম্পর্কিত তথ্য দেখুন। আপনার অ্যাকাউন্টের বিভিন্ন বিষয় খোঁজা নিয়ে কোনো প্রশ্ন থাকলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ অথবা **311** নম্বরে ফোন করুন।

পরিবার সহায়তা

আপনার সন্তানের স্কুলে যেসব বিষয় এবং উদ্বেগের কোন সমাধান পাওয়া যায় না সেসব বিষয় সমাধানের জন্য পরিবারবর্গের যোগাযোগের সূত্র ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরস্ (এফএসসি)। আপনার এফএসসি খুঁজে নিতে schools.nyc.gov/AboutUs/schools/superintendents দেখুন।

স্কুল ক্যালেন্ডার

স্কুল বছরের গুরুত্বপূর্ণ তারিখগুলি জানার সূত্র: schools.nyc.gov/Calendar সাইট

আর তথ্যের জন্য

- সিটির স্কুল সম্পর্কিত সর্বশেষ সংবাদ জানতে, schools.nyc.gov. দেখুন।
- নিচের ঠিকানায় schools.nyc.gov/Subscribe সাইন আপ করে আপনি নিয়মিত সতর্ক বার্তা পেতে পারেন।
- আপনার যদি স্কুল-সম্পর্কিত বাড়তি কোন প্রশ্ন থাকে, **311** নম্বরে ফোন করুন।

NYC Department of Education
Chancellor Carmen Fariña

আপনার স্কুল থেকে অ্যাচিভ এনওয়াইসি-র একটি কপি চেয়ে নিন